

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫৫৩

পর্ব-১১: হজ (এшыл) المناسك)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - ইহরাম ও তালবিয়াহ্

আরবী

عَنْ جَابِرٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا أَرَادَ الْحَجَّ أَذَّنَ فِي النَّاسِ فَاجْتَمَعُوا فَلَمَّا أَرَادَ الْحَجَّ أَذَّنَ فِي النَّاسِ فَاجْتَمَعُوا فَلَمَّا أَتَى الْبَيْدَاءَ أَحْرَمَ. رَوَاهُ البُخَارِيِّ

বাংলা

২৫৫৩-[১৪] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন হজ্জ/হজ পালনের ইচ্ছা পোষণ করলেন, তখন মানুষের মধ্যে ঘোষণা করে দিলেন। তাই লোকেরা দলে দলে সমবেত হলো। তিনি 'বায়দা' নামক জায়গায় পৌঁছলে (হজের জন্য) 'ইহরাম' বাঁধলেন। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ: তিরমিয়ী ৮১৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَذَنَ فِي النَّاسِ) "তিনি লোকদের মাঝে ঘোষণা দিলেন।" ইবনু মালিক বলেনঃ তিনি এ ঘোষণা নিজেই দিয়েছিলেন এই বলে যে, "আমি হজ্জ/হজ করতে ইচ্ছা করছি।" 'আল্লামা আল কারী বলেনঃ প্রকাশমান অর্থ এই যে, তিনি কোন ঘোষককে এ মর্মে ঘোষণা দেয়ার নির্দেশ দিয়েছিলেন যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হজ্জ/হজ করবেন।

(فَلَمَّا أَتَى الْبَيْدَاءَ أَحْرَمَ) "তিনি যখন বায়দাতে পৌঁছালেন ইহরাম বাঁধলেন"। অর্থাৎ- তিনি ইহরামের শব্দাবলী পুনরায় উচ্চারণ করলেন অথবা জনসম্মুখে তাঁর ইহরামের বিষয় প্রকাশ করলেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=57113}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন